

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক : মাউশি/পরি/সেসিপ/একাডেমিক সুপারভিশন/০৫/১৫/ ৩৬৭

তারিখ : ০৭/১০/২০২১ খ্রি.

বিষয় : মাধ্যমিক বিদ্যালয়সমূহের শিক্ষা কার্যক্রমের একাডেমিক সুপারভিশন সংক্রান্ত

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বৈশ্বিক মহামারী ‘কোভিড-১৯’ পরিবর্তিত পরিস্থিতির কারণে দীর্ঘদিন শিক্ষা প্রতিষ্ঠানসমূহ বন্ধ ছিল। এ সময়ে মাধ্যমিক পর্যায়ের শ্রেণি পাঠদান অব্যাহত রাখার লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় ও মাউশির নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানসমূহ অনলাইনভিত্তিক শ্রেণি কার্যক্রম পরিচালনা করেছে। অনলাইনভিত্তিক শ্রেণি কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়ন এবং বিদ্যালয়ের সার্বিক অবস্থা পর্যবেক্ষণের লক্ষ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণ মাউশি হতে প্রেরিত নির্দেশনা মোতাবেক ‘বৈশ্বিক মহামারী কোভিড-১৯ পরিবর্তিত পরিস্থিতিতে বিদ্যালয় সুপারভিশন তথ্যছক-ক’ অনুযায়ী পরিদর্শন কার্যক্রম অদ্যাবধি পরিচালনা করছেন।

০২। বর্তমানে ‘কোভিড-১৯’ সংক্রমণ নিয়ন্ত্রণ আসতে শুরু করায় শিক্ষা প্রতিষ্ঠানসমূহ খুলে দেয়া হয়েছে এবং সরকারের নির্দেশনা মোতাবেক যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ করে শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। এছাড়া অনলাইন ভিত্তিক শ্রেণি কার্যক্রমও চলমান রয়েছে। বর্ণিত কার্যক্রমসমূহ যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে পরিবর্তিত পরিস্থিতির আলোকে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের বিদ্যালয়সমূহ সুপারভিশন করা প্রয়োজন। বর্ণিত পরিস্থিতি বিবেচনায় সুপারভিশন তথ্যছক আংশিক পরিবর্তন করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, বার্ষিক পরিদর্শন ক্যালেন্ডারের নির্ধারিত প্রমাপ অনুসরণ করে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণকে বিদ্যালয়সমূহ সুপারভিশনপূর্বক সংযুক্ত ‘সুপারভিশন তথ্যছক-ক’ অনুযায়ী পরিদর্শন কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি :

১। বিদ্যালয় সুপারভিশন তথ্যছক-ক

(প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক)
মহাপরিচালক
ফোন- ৯৫৫৩৫৪২

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)
- ২। জেলা শিক্ষা কর্মকর্তা (সকল জেলা)
- ৩। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল উপজেলা/থানা)

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যৈষ্ঠতার ত্রুট্যানুসারে নয়) :

- ১। যুগ্ম প্রোগ্রাম পরিচালক (সেসিপ), শিক্ষা ভবন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ২। পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৩। পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৪। পরিচালক (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা
- ৫। সিনিয়র সিটেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি মাউশির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। প্রতিষ্ঠান প্রধান (সকল মাধ্যমিক বিদ্যালয়)
- ৭। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী
- ৮। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী
- ৯। সংরক্ষণ নথি।